



বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান
ই-১৭, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা

নং-বিআইডিএস/প্রশাসন/নিয়োগ/কর্মকর্তা/৩৭.৪৫/২০১৮-৬৪৬/৪

তারিখঃ ০৩ আশ্বিন, ১৪২৫
১৮, সেপ্টেম্বর, ২০১৮

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) এর স্থায়ী পদে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং বয়স	(জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী)
১	পাবলিকেশন অফিসার	০১	সাংবাদিকতা/ইংরেজি/সামাজিক বিজ্ঞানে অগ্রাধিকার ভিত্তিতে স্নাতকোত্তর ডিগ্রী, তৎসহ ৩ বৎসরের অভিজ্ঞতা অথবা সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বৎসরের অভিজ্ঞতাসহ গ্রাজুয়েট। দুইটি প্রথম বিভাগ/শ্রেণী প্রাপ্ত প্রার্থীদের অভিজ্ঞতা শিথিলযোগ্য। প্রার্থীকে কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে (MS Word, Illustrator, Photoshop, Power Point, Internet Browsing, e-mail, etc) বয়সঃ সর্বোচ্চ ৩৫ বৎসর। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য।	গ্রেড-৯: ২২০০০-৫৩০৬০/-এবং তৎসহ বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতা।
২	প্রটোকল অফিসার	০১	পার্সোনেল, বোর্ড ও প্রটোকল বিষয়ক ক্ষেত্রে ৩ বছরের প্রশাসনিক কার্যের অভিজ্ঞতাসহ একটি স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েট/অথবা এসএসসি/এইচএসসি সহ করণিক হিসেবে কমপক্ষে ১০ বছরের অভিজ্ঞতা। প্রার্থীদের কম্পিউটার জ্ঞান (এমএস অফিস, এমএস ওয়ার্ড, পাওয়ার পয়েন্ট) ই-মেইল আদান প্রদান ও ইন্টারনেট ব্রাউজিং-এ পরিচয় জ্ঞান থাকতে হবে। বয়স: অনূর্ধ্ব ৩৫ বছর। তবে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য।	গ্রেড-১১: ১২৫০০-৩০২৩০/- এবং তৎসহ বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতা।
৩	হিসাব সহকারী (ইউডিএ)	০১	বাণিজ্য বিভাগের অগ্রাধিকারের ভিত্তিতে স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েট তৎসহ ১ বছরের অভিজ্ঞতা। ব্যতিক্রমধর্মী ক্ষেত্রে অভিজ্ঞতা শিথিলযোগ্য। বয়স: অনূর্ধ্ব ৩০ বছর। তবে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য।	গ্রেড-১২: ১১৩০০-২৭৩০০/- এবং তৎসহ বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতা।
৪	অফিস সহকারী-কাম-কম্পিউটার টাইপিষ্ট	০১	প্রতি মিনিটে ৩৫টি শব্দ টাইপিং এর গতিসহ এইচএসসি অথবা এসএসসি দ্বিতীয় শ্রেণী তৎসহ প্রতি মিনিটে ৪০টি শব্দ টাইপিং এর গতি। বয়স: অনূর্ধ্ব ৩০ বছর। তবে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য।	গ্রেড-১৬: ৯৩০০-২২৪৯০/- এবং তৎসহ বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতা।
৫	ক্যাশিয়ার	০১	বাণিজ্য বিভাগের অগ্রাধিকারের ভিত্তিতে এইচএসসি পাস। বয়স: অনূর্ধ্ব ৩০ বছর। তবে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য।	গ্রেড-১৬: ৯৩০০-২২৪৯০/- এবং তৎসহ বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতা।
৬	অফিস সহায়ক	০১	অষ্টম শ্রেণী পাস। শারীরিকভাবে উপযুক্ততা প্রয়োজন। বয়স: অনূর্ধ্ব ৩০ বছর। তবে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য।	গ্রেড-২০: ৮২৫০-২০০১০/- এবং তৎসহ বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতা।
৭	পরিচ্ছন্নতা কর্মী	০২	অষ্টম শ্রেণী পাস। বয়স: অনূর্ধ্ব ৩০ বছর। তবে অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে শিথিলযোগ্য।	গ্রেড-২০: ৮২৫০-২০০১০/- এবং তৎসহ বিধি অনুযায়ী প্রদেয় অন্যান্য ভাতা।

ক) পরীক্ষায় পাশের প্রাপ্ত বিভাগ/শ্রেণী/জিপিএ, পাশের সন উল্লেখপূর্বক পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত (২৩/১০/২০১৮ তারিখে আবেদনকারীর বয়স উল্লেখসহ) সম্বলিত আবেদনপত্র, সম্প্রতি তোলা ০৩ কপি পার্সপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র ও অন্যান্য অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপিসহ আগামী ২৩/১০/২০১৮ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে **সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), ই-১৭ আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭** এই ঠিকানায় পৌঁছাতে হবে।

খ) আবেদনপত্রের সাথে “**সচিব, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান, ঢাকা**” শিরোনামে অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান শাখা, ঢাকা এর অনুকূলে ০১ নং পদের জন্য ৫০০/- এবং ০২ থেকে ০৭ নং পদের জন্য ৩০০/- টাকার পে-অর্ডার/ডিডি (অফেরতযোগ্য) দাখিল করতে হবে।

গ) অসম্পূর্ণ ও ক্রটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

ঘ) চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

ঙ) আবেদনপত্র বাছাইয়ের পর কেবল উপযুক্ত বিবেচিত প্রার্থীদের লিখিত পরীক্ষায় ডাকা হবে।

চ) খামের উপর বামপাশে আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে।

ছ) বিআইডিএস একটি সমসুযোগ প্রদানকারী প্রতিষ্ঠান।

জ) কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র/নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

ঝ) নির্দিষ্ট তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র বিবেচনা করা হবে না।

ঞ) কোনো তথ্য গোপন করা বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(মোঃ মেফতাইর রহমান)

সচিব (চলতি দায়িত্ব)

বিআইডিএস, ঢাকা